দৈনিক জনকণ্ঠ

19 MAR 2003

19 MAR 2003

# ২১ দফা দাবিতে শহীদ মিনারে শিক্ষক সমিতির প্রতিবাদ সমাবেশ কাল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ অধ্যক্ষ কাজী ফারুক আহমেদসহ দেশব্যাপী শিক্ষক-কর্মচারীদের ওপর হয়রানি, নির্যাতন, শতকরা ১০ ভাগ বর্ধিত বেতনসহ ২১ দফার দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ডাকে আগামীকাল বৃহস্পতিবার কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হবে। সভা শেষে শিক্ষকমণ্ডলীর নিকট স্মারকলিপি দেয়া হবে।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ এবং শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলামসহ সংগঠনের বেশ কয়েকজন নেতা এক বিবৃতিতে এই সমাবেশ সফল করার জন্য শিক্ষক-কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছেন। সমাবেশ সকাল ১০টায় অনুষ্ঠিত হবে।

২১ দফা দাবির মধ্যে আরও রয়েছে, শতকরা ৩০ ভাগ মহার্ঘ ভাতা, নতুন জাতীয় বেতন স্কেল, কল্যাণ ট্রাস্টের বাতিলকৃত আর্থিক সুবিধা পুনর্বহাল।